গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
জেলা কমান্ড্যান্টের কার্যালয়
শরীয়তপুর।

স্মারক নং-৪৪.০৩.৩০৮৬.০০২.০০.০০০.২০-৩৪৪

তারিখঃ ১৭ আষাঢ় ১৪২৭ বাঙ্গব্দ / ০১ জুলাই ২০২০খ্রিঃ।

## "অফিস আদেশ"

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন সদস্য-সদস্যাদের (স্বেচ্ছাসেবী) নিয়োগ ও অব্যাহতি নীতিমালা-২০১৭ ও উপ-মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ঢাকা রেঞ্জ, ঢাকা এর স্মারক নং-৪৪.০৩.৩০২৬.০০১.০০.০০০.১৯-২৬৫৮, তারিখঃ ২২/১০/১৯খ্রিঃ এর নির্দেশনা মোতাবেক উপজেলা/থানা আনসার কোম্পানী কমান্ডার (পুরুষ), উপজেলা/থানা সহকারী আনসার কোম্পানী কমান্ডার (পুরুষ) এবং ইউনিয়ন আনসার প্লাটুন কমান্ডার (পুরুষ) ও ইউনিয়ন সহকারী আনসার প্লাটুন কমান্ডার (পুরুষ) সদস্যদেরকে নিম্নেবর্ণিত "ছক" মোতাবেক ২৭ (সাতাশ) জন সদস্যের সন্তোষজনক পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে তার নামের পার্শ্বে উল্লেখিত উপজেলা/ইউনিয়ন/ওয়ার্ডে ০৫(পাঁচ) বছরের জন্য বিধি মোতাবেক সকল শর্তাদি পালন সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো এবং সূত্রে বর্ণিত স্মারকে উল্লেখিত প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়ে যোগদানের জন্য নির্দেশ প্রদান করা হলো। নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত কর্তৃপক্ষ বিধি মোতাবেক গ্রহণ করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগকৃত সদস্য বিধি মোতাবেক দায়িত্ব পালন না করলে আইন অনুসারে ব্যবস্থা নেওয়া যাবে। এ আদেশ ০১/০৭/২০২০খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

২। শর্তসমূহঃ

ক। নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী এবং ০৫ (পাঁচ) বছর মেয়াদকালের জন্য কার্যকর হবে। এ সময়ের মধ্যে সঠিকভাবে দায়িত্ব পালনে ব্যর্থ হলে যে কোন সময় সংশ্লিষ্ট উপজেলা/থানা/ইউনিয়ন আনসার কমান্ডার/সহকারী কমান্ডারকে দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করা হবে;

খ। নিয়োগ প্রাপ্ত উপজেলা/থানা/ইউনিয়ন আনসার কমান্ডার/সহকারী কমান্ডারগণ কর্তৃক বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীসদর দপ্তর রেঞ্জ, জেলা ও উপজেলা কার্যালয় হতে জারীকৃত সকল আদেশ নির্দেশ যথাযথভাবে পালন করতে হবে।

গ। এই নিয়োগ আদেশ বর্ণিত কোন আনসার কমান্ডার/সহকারী কমান্ডারের পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে তার নিয়োগ আদেশ বাতিল বলে গন্য হবে।

ঘ। এই নিয়োগাদেশ এ বর্ণিত আনসার কমান্ডার/সহকারী কমান্ডারদেরকে দায়িত্ব পালন ও সংশ্লিষ্ট উপজেলা/থানা আনসার ও ভিডিপি কার্যালয় হতে মাস্টার রোল প্রাপ্তি স্বাপেক্ষে সরকার কর্তৃক নির্ধারিত নিম্নবর্ণিত হারে মাসিক সম্মানী ভাতা জেলা কার্যালয় হতে প্রদান করা হবে।

| ক্রমিকনং | পদবী | মাসিক ভাতার হার | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | উপজেলা/থানা আনসার কোম্পানী কমান্ডার (পুরুষ) | ১৫০০/- | |
| ২. | উপজেলা/থানা সহকারী কোম্পানী কমান্ডার (পুরুষ) | ১৩০০/- | |
| ৩. | উপজেলা/থানা আনসার প্লাটুন কমান্ডার (মহিলা) | ১২০০/- | |
| ৪. | উপজেলা/থানা সহকারী আনসার প্লাটুন কমান্ডার (মহিলা) | ১০০০/- | |
| ৫. | ইউনিয়ন আনসার প্লাটুন কমান্ডার (পুরুষ) | ১২০০/- | |
| ৬. | ইউনিয়ন আনসার সহকারী প্লাটুন কমান্ডার (পুরুষ) | ১০০০/- | |

ঙ। যোগদান পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি দাখিল করতে হবে:

(১) পূরণকৃত ব্যক্তিগত তথ্য ফরম (নমুনা সংযুক্ত)
(২) সকল শিক্ষাসনদের সত্যায়িত ফটোকপি;
(৩) নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি;
(৪) পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট;
(৫) উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা কর্তৃক প্রত্যায়িত শপথনামা (নমুনা সংযুক্ত)
(৬) সদ্য তোলা আনসার ইউনিফরম পরিহিত দুই কপি রঙ্গিন ছবি;
(৭) প্রশিক্ষণ সনদের সত্যায়িত ফটোকপি;
(৮) বিশেষ যোগ্যতার (যদি থাকে) প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি;
(৯) অন্যান্য সনদের (যদি থাকে) সত্যায়িত ফটোকপি।

৩। নিয়োগ প্রাপ্ত আনসার কমান্ডার/সহকারী কমান্ডারদের দায়িত্ব ও কর্তব্য :

ক। কোম্পানী/প্লাটুনভুক্ত সদস্য-সদস্যাদের মৌলিক ও পেশাভিত্তিক প্রশিক্ষণ দেয়ার ব্যবস্থা করা;
খ। কোম্পানী/প্লাটুনভুক্ত সদস্য-সদস্যাদের সাথে নিয়মিত যোগাযোগ করা এবং তাদের উন্নয়নমুখী কাজে উৎসাহ দেয়া;
গ। যে কোন জরুরী অবস্থায় কোম্পানী/প্লাটুনভুক্ত সদস্য-সদস্যাদের সংগঠিত করে তাদের নেতৃত্ব দেয়া;
ঘ। উপজেলা/থানা/ইউনিয়নে আইন শৃঙ্খলা রক্ষায় আইন প্রয়োগকারী সংস্থাগুলোকে সহায়তা করা এবং এ কাজে এলাকাবাসীদের উদ্বুদ্ধ করা;
ঙ। কোম্পানী/প্লাটুনভুক্ত সদস্য-সদস্যাদের বিভিন্ন উন্নয়নমুখী কাজে উদ্বুদ্ধ করা, উৎসাহ প্রদান করা, পরামর্শ ও জ্ঞান দেয়া;
চ। কোম্পানী/প্লাটুনভুক্ত সদস্য-সদস্যাগণ কুটির শিল্প, শাকসবজী ও ফলমূল আবাদ, গবাদী পশু, হাঁস মুরগী ও কবুতর পালন করে নিজেদের অবস্থার উন্নতিক রবেন এবং এলাকাবাসীদেরকে ও এসব কাজে উৎসাহিত করবেন;

CamScanner

ছ। কোম্পানী/প্লাটুনভুক্ত সদস্য-সদস্যাগণ পরিবার পরিকল্পনার পদ্ধতি গ্রহনের মাধ্যমে পরিকল্পিত পরিবার গঠন করবেন এবং এলাকাবাসীদেরকে ও পরিকল্পিত পরিবার গঠনে উদ্বুদ্ধ করবেন;

জ। গ্রাম ও সমাজ উন্নয়ন মুখী কাজ যেমন: রাস্তা-ঘাট, পুল-সেতুনির্মান ও মেরামত, জঙ্গল ও কচুরীপানা পরিষ্কার ইত্যাদিতে কোম্পানী/প্লাটুনভুক্ত সদস্য-সদস্যাদের উদ্বুদ্ধ করতে হবে এবং এ সকল উন্নয়ন মূলক কাজে নেতৃত্ব প্রদান করতে হবে;

ঝ। কোম্পানী/প্লাটুনভুক্ত সদস্য-সদস্যাদের নিয়ে বিভিন্ন খেলাধুলা এবং চিত্তবিনোদনের জন্য গান-বাজনা, নাটক-থিয়েটা ইত্যাদির আয়োজন করতে হবে। এলাকাবাসীদেরকেও এ কার্যক্রমে উৎসাহিত করতে হবে;

ঞ। মহামারী, ঘূর্ণিঝড়, বন্যা, জলোচ্ছ্বাস ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগকালে কোম্পানী/প্লাটুনভুক্ত সদস্য-সদস্যাদের নিয়ে সেবামূলক কাজে আত্ম নিয়োগ করতে হবে;

ট। কোম্পানী/প্লাটুনভুক্ত সদস্য-সদস্যাদের মাঝে সঞ্চয়ের অভ্যাস গড়ে তুলতে হবে এবং এলাকাবাসীদেরকে ও সঞ্চয়ী হতে উদ্বুদ্ধ করতে হবে;

৪। এ নিয়োগাদেশ ০১/০৭/২০২০ হতে কার্যকর বলে গন্য হবে।

সংযুক্ত : ক। নিয়োগাদেশ প্রাপ্তদের নামীয় তালিকা ০২ (দুই) পাতা।
খ। ব্যক্তিগত তথ্য ফরম ও শপথ নামা (নমুনা) ০২ (দুই) পাতা।

"ছক"

| ক্র/নং | পদবী | নাম ও পিতার নাম | গ্রাম ও ডাকঘর | উপজেলা ও জেলা | নিয়োগকৃত কর্মস্থলের নাম উপজেলা/ইউনিয়ন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | উপঃ সহকারী আনসার কমান্ডার | মোঃ ইমরান<br>মোঃ জামাল বেপারী | গৈজা<br>ভেদরগঞ্জ | ভেদরগঞ্জ<br>শরীয়তপুর | ভেদরগঞ্জ উপজেলা | |
| ২ | উপঃ সহকারী আনসার কমান্ডার | মোঃ ফয়সাল মীর<br>শাজাহান মীর | নাগের পাড়া<br>নাগের পাড়া | গোসাইরহাট<br>শরীয়তপুর | গোসাইরহাট উপজেলা | |
| ৩ | ইউঃ আনসার প্লাটুন কমান্ডার | জুয়েল সরদার<br>রোস্তম আলী সরদার | চয়গাঁও<br>ছয়গাঁ | ভেদরগঞ্জ<br>শরীয়তপুর | ছয়গাঁও | |
| ৪ | ইউঃ আনসার প্লাটুন কমান্ডার | মোঃ সহিদুল ইসলাম<br>মোঃ আলতাব হোসেন | বক্রিকান্দি<br>বক্রিকান্দি | ভেদরগঞ্জ<br>শরীয়তপুর | নারায়নপুর | |
| ৫ | ইউঃ সহঃ আনসার প্লাটুন কমান্ডার | লিটন মিয়া<br>ওসমান মাতব্বর | গাংগাপ্রসাদ<br>জয়নগর | জাজিরা<br>শরীয়তপুর | জয়নগর | |
| ৬ | উপঃ আনসার কোঃ কমান্ডার | ফারুক আলম শাওন<br>ছিদ্দিকুর রহমান | কচাইকুড়ি<br>সাজনপুর | ভেদরগঞ্জ<br>শরীয়তপুর | ভেদরগঞ্জ উপজেলা | |
| ৭ | ইউঃ আনসার প্লাটুন কমান্ডার | মোঃ নজরুল ইসলাম<br>মোঃ ছায়েদ বেপারী | রশিদ বেপারী বাজার<br>সখিপুর | ভেদরগঞ্জ<br>শরীয়তপুর | সখিপুর | |
| ৮ | ইউঃ আনসার প্লাটুন কমান্ডার | মোঃ হারুন অর রশিদ<br>মোঃ নুরুল ইসলাম | কোলচরী পাতারচর<br>কুচাইপট্টি | গোসাইর হট<br>শরীয়তপুর | কুচাইপট্টি | |
| ৯ | ইউঃ আনসার প্লাটুন কমান্ডার | রায়হান হোসেন<br>মোঃ রুস্তম আলী খান | ওসমানখার কান্দি<br>চরভাগা | ভেদরগঞ্জ<br>শরীয়তপুর | চরভাগা | |
| ১০ | ইউঃ আনসার প্লাটুন কমান্ডার | দ্বীন ইসলাম<br>মমিন উদ্দিন বেপারী | সামন্তসার<br>গোসাইরহাট | গোসাইরহাট<br>শরীয়তপুর | সামান্তসার | |
| ১১ | ইউঃ আনসার প্লাটুন কমান্ডার | হানিফা মিয়া<br>খলিলুর রহমান | ছৈয়ালপাড়া<br>কোদালপুর | গোসাইরহাট<br>শরীয়তপুর | কোদালপুর | |
| ১২ | ইউঃ আনসার প্লাটুন কমান্ডার | মোঃ মিজান<br>মীর দেলোয়ার হোসেন | চর জালালপুর<br>গরিবের চর | গোসাইরহাট<br>শরীয়তপুর | আলাউলপুর | |
| ১৩ | ইউঃ সহঃ আনসার প্লাটুন কমান্ডার | মোঃ তাজগীর<br>আজিদ মাতাব্বর | মাতাব্বর কান্দি<br>বালারহাট | ভেদরগঞ্জ<br>শরীয়তপুর | আরশিনগর | |
| ১৪ | ইউঃ সহঃ আনসার প্লাটুন কমান্ডার | মোঃ জসীম ঢালী<br>হাবিবুর রহমান ঢালী | কাচইকুড়ী<br>সাজনপুর | ভেদরগঞ্জ<br>শরীয়তপুর | মহিষার | |
| ১৫ | ইউঃ আনসার প্লাটুন কমান্ডার | মোঃ সুজন হাওলাদার<br>মৃত আহম্মদ হোসেন | নাগেরপাড়া<br>নাগেরপাড়া | গোসাইরহাট<br>শরীয়তপুর | নাগের পাড়া | |
| ১৬ | ইউঃ আনসার প্লাটুন কমান্ডার | ওমর বেপারী<br>মোঃ মতি বেপারী | কোড়াল তলী<br>ভেদরগঞ্জ | ভেদরগঞ্জ<br>শরীয়তপুর | রামভদ্রপুর | |
| ১৭ | ইউঃ সহঃ আনসার প্লাটুন কমান্ডার | মোঃ মিজানুর রহমান<br>মোঃ আজিজ সরদার | ছয়গাঁও<br>ছয়গাঁও | ভেদরগঞ্জ<br>শরীয়তপুর | ছয়গাঁও | |
| ১৮ | উপঃ আনসার কোঃ কমান্ডার | মোঃ মামুন মিয়া<br>আঃ খালেক মুন্সি | আক্কেলমামুদ মুন্সি কান্দি<br>জাজিরা | জাজিরা<br>শরীয়তপুর | জাজিরা উপজেলা | |

CamScanner

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৯ | ইউঃ আনসার প্লাটুন কমান্ডার | মোঃ সাইফুল্লাহ কাজী<br>মোঃ মোসলেম মাতুব্বর | ইয়াছিন মাতুব্বর কান্দি<br>কাজিয়াচর | জাজিরা<br>শরীয়তপুর | বিলাসপুর | |
| ২০ | ইউঃ আনসার প্লাটুন কমান্ডার | আলী আকবর<br>মোঃ মোশারফ বেপারী | ফেদুল্লাবেপারী<br>রুপবাবুরহাট | জাজিরা<br>শরীয়তপুর | পূর্ব নাওডোবা | |
| ২১ | ইউঃ সহঃ আনসার প্লাটুন কমান্ডার | মোঃ ইকবাল হোসেন<br>তোতা মিয়া শেখ | সকিম আলী চকিদারকান্দি<br>রুপবাবুরহাট | জাজিরা<br>শরীয়তপুর | পূর্ব নাওডোবা | |
| ২২ | ইউঃ আনসার প্লাটুন কমান্ডার | মোঃ কাওছার মিয়া<br>আঃ খালেক মিয়া | আলিমুদ্দিন হাওলাদারকান্দি<br>নাওডোবা | জাজিরা<br>শরীয়তপুর | নাওডোবা | |
| ২৩ | ইউঃ আনসার প্লাটুন কমান্ডার | মোঃ জহিরুল ফরাজী<br>মোঃ নুর মোহাম্মদ ফরাজী | খালেকফরাজীকান্দি<br>দড়িকান্দি | জাজিরা<br>শরীয়তপুর | পালের চর | |
| ২৪ | ইউঃ আনসার প্লাটুন কমান্ডার | কাজী মাহাবুব<br>আঃ হক কাজী | আলফমেলাকান্দি<br>কাজিয়াচর | জাজিরা<br>শরীয়তপুর | কুন্ডের চর | |
| ২৫ | ইউঃ আনসার প্লাটুন কমান্ডার | মোঃ সোহেল আহম্মেদ<br>হাবিবুর রহমান বেপারী | বড়গোপালপুর<br>বড়গোপালপুর | জাজিরা<br>শরীয়তপুর | বড় গোপালপুর | |
| ২৬ | ইউঃ আনসার প্লাটুন কমান্ডার | মোঃ সাইফুল ইসলাম<br>শাহজাহান | ধীপুর<br>গোসাইরহাট | গোসাইরহাট<br>শরীয়তপুর | ইদিলপুর | |
| ২৭ | উপজেলা আনসার কোম্পানী কমান্ডার | মোঃ শফিকুল ইসলাম<br>মোঃ মমিন উদ্দিন বেপারী | সামন্তপুর<br>গোসাইরহাট | গোসাইরহাট<br>শরীয়তপুর | গোসাইরহাট উপজেলা | |

নাদিরা ইয়াসমিন
জেলা কমান্ড্যান্ট
আনসার ও ভিডিপি, শরীয়তপুর।
তারিখঃ ১৭ আষাঢ় ১৪২৭ বাঙ্গব্দ / ০১ জুলাই ২০২০খ্রিঃ।

স্মারক নং-৪৪.০৩.৩০৮৬.০০২.০০.০০০.২০-৩৪৪

অনুলিপি ঃ

১. উপ-মহাপরিচালক
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
ঢাকা রেঞ্জ, ঢাকা
— সদয় অবগতির জন্য।

২. অপারেশন শাখা
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

৩. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (সকল)
................................, শরীয়তপুর।
— অবগতি ও কার্যক্রমের জন্য

৪. জনাব ...................................................
......................., ......................, শরীয়তপুর।
— -ঐ-

৫. অফিস কপি
— সংরক্ষণের জন্য।

জেলা কমান্ড্যান্ট
আনসার ও ভিডিপি, শরীয়তপুর।